

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়

প্রকৌশল অফিস

ফোন- ৯৬৬৫৬১৯, পি.এ.বি.এক্স-৫৫১৬৭১০০/৭৫২৪, ৭৪৬৭



বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়।

নং প্রপ্র/এফ-২৬/২০১৭/ই- ৩০৫(২০০)

তারিখ : ০৮/০৫/১৮

পুনঃ বিজ্ঞপ্তি

বিশ্ববিদ্যালয়ের সম্মানিত ডীন/বিভাগীয় প্রধান/অফিস প্রধান/শাখা প্রধান/পরিচালক/শিক্ষক/ কর্মকর্তা/কর্মচারীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাননীয় উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে IICT-এর সার্বিক সহযোগিতায় প্রকৌশল অফিসের আওতাধীন রক্ষণাবেক্ষণ কাজের জন্য Online requisition system চালু রয়েছে। এ বিষয়ে নিম্নলিখিতভাবে ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করে অত্র অফিসের প্রপ্র/এফ-২৬/২০১৭/ই-১১৬, তাং ০৬/০৮/২০১৭ এবং ১৮/০৯/২০১৭ তারিখের প্রপ্র/এফ-২৬/২০১৭/ই-২০৬ মোতাবেক বিজ্ঞপ্তি জারী করা হয়েছিল। পুনরায় নিম্নলিখিতভাবে ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছেঃ

- ১। BUET Web site (www.buet.ac.bd) এর Menu থেকে Online requisition submit করা যাবে। রিকুইজিশনকারীর নাম, বিভাগ/অফিস, পিএবিএক্স নম্বর, মোবাইল নম্বর, কাজের স্থান, কাজের বিবরণ অবশ্যই রিকুইজিশনে উল্লেখ করতে হবে। Personal কাজের রিকুইজিশনগুলো সরাসরি সংশ্লিষ্ট সুপারভাইজারের (প্রকৌশল অফিসের) কাছে চলে যাবে। কিন্তু Official কাজের রিকুইজিশন সংশ্লিষ্ট অফিস প্রধানের কাছে যাবে। অফিস প্রধান BUET Web site এর Menu তে File Tracker এ Login করে রিকুইজিশন যথাস্থানে Forward করতে পারবেন। অফিস প্রধানগণ BUIS এর User ID ও Password ব্যবহার করে File Tracker এ প্রবেশ করতে পারবেন।
- ২। রিকুইজিশনদাতাগণ রিকুইজিশন submit করার পর উহা সফলভাবে প্রেরিত হলে একটি রিকুইজিশন নাম্বার প্রদর্শিত হবে। সেই নাম্বার দিয়ে Search করে (রিকুইজিশন উইন্ডো এর উপরে ডান দিকে Search Option-এ দেখা যাবে) রিকুইজিশনের Update Status জানতে পারবেন।
- ৩। কাঠের কাজ, লোহার কাজ এবং হলের মেরামত সংক্রান্ত কাজ আগের মতই নির্ধারিত ফরমে প্রেরণ করতে হবে। এছাড়া অন্যান্য সকল কাজের রিকুইজিশন Online এ পাঠাতে হবে। ফোন কলের মাধ্যমে কিংবা পূর্বের ফরমে কোন রিকুইজিশন প্রেরণ করলে তা বিবেচিত হবে না।

বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সুবিধার কথা বিবেচনা করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ Online requisition system চালু করেছেন। ইহাতে দ্রুতি বিচ্যুতি পরিলক্ষিত হলে অথবা অন্য কোন মতামত/পরামর্শ থাকলে তা প্রধান প্রকৌশলীকে লিখিতভাবে জানানোর জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

এ বিষয়ে পুনরায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করছি।


(প্রকৌশলী মোঃ নুরুল মোমেন)

প্রধান প্রকৌশলী


তারিখ :

নং প্রপ্র/এফ-২৬/২০১৭/ই- ৩০৫(২০০)

অনুলিপিঃ-

- ১। সম্মানী সকল ডীন মহোদয়গণ, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ২। সকল বিভাগীয় প্রধান/অফিস প্রধান/শাখা প্রধান/পরিচালক/প্রভোস্ট/শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ/পুর-১, ২), প্রকৌশল অফিস, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৪। সকল সিনিয়র নির্বাহী প্রকৌশলী (পুর), প্রকৌশল অফিস, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৫। সকল নির্বাহী প্রকৌশলী, প্রকৌশল অফিস, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৬। সকল উপ-বিভাগীয় প্রকৌশলী (পুর), প্রকৌশল অফিস, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৭। সকল সহকারী প্রকৌশলী, প্রকৌশল অফিস, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৮। সকল উপ-সহকারী প্রকৌশলী, প্রকৌশল অফিস, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৯। সকল সুপারভাইজিং অফিসার/সিনিয়র সুপারভাইজার/সুপারভাইজার, প্রকৌশল অফিস, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।

note board,
email


(ডঃ এ.কে.এম. জাহাঙ্গীর আলম, পিইঞ্জ)
সিনিয়র নির্বাহী কর্মকর্তা (অঃ দাঃ)